

বণিকবার্তা

অক্টোবর ১৬, ২০১৮ ■ কার্তিক ১, ১৪২৫ ■ মঙ্গলবার



জ্বালানি গবেষণার জন্য ইউআইইউকে ৪ কোটি টাকা অনুদান

'ডিমান্ড রেসপন্স এনাবলড স্মার্ট গ্রিড' শীর্ষক গবেষণার জন্য প্রায় ৪ কোটি টাকা অনুদান পেয়েছে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির জ্বালানি গবেষণা কেন্দ্র। সম্প্রতি কেন্দ্রের পরিচালক ও গবেষণা প্রকল্পের টিম লিডার শাহরিয়ার আহমেদ চৌধুরির কাছে অনুদান হস্তান্তর করেন জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কেন্দ্রের চেয়ারম্যান শাহিন আহমেদ। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ, বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমেদ কায়কাউস, পিডিবি'র চেয়ারম্যান খালেদ মাহমুদ, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন। —বিজ্ঞপ্তি